

সংবাদ বিজ্ঞপ্তি

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী “মুজিব বর্ষ-২০২০” যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিএজি)-এর কার্যালয় কাকরাইলস্থ অডিট ভবন এবং আওতাধীন দপ্তরসমূহে বছরব্যাপি বৈচিত্র্যময় অনুষ্ঠানমালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে।

মুজিব বর্ষ উপলক্ষ্যে গৃহীত অনুষ্ঠানসমূহ ২০২০ সালের ১৭ মার্চ হতে ২০২১ সালের ১৬ মার্চ পর্যন্ত সময়কালে অনুষ্ঠিত হবে।

এ উপলক্ষ্যে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিএজি)-এর কার্যালয় কর্তৃক গৃহীত কার্যক্রমের মধ্যে রয়েছে:

১. ১৭-০৩-২০২০খ্রি: তারিখে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে কর্মসূচি শুরু, একশতটি বেলুন উড্ডয়ন এবং কেক কাটার আয়োজন।
২. উদ্বোধনী দিনে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন ও দোয়া মাহফিল।
৩. অফিস ভবন ও অফিস প্রাঙ্গণ বর্ণিল আলোক সজ্জায় সজ্জিতকরণ।
৪. অফিস ভবনের বাহিরে ও ভিতরে বিভিন্ন রঙের ড্রপ ডাউন ব্যানার, ফেস্টুন ও পোস্টার দিয়ে সজ্জিতকরণ।
৫. ‘মুজিব বর্ষ’ ব্যাপী জাতির পিতার জীবন, কর্ম ও আদর্শের উপর শত আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন।
৬. শিশুদের জন্য রচনা প্রতিযোগিতা, বঙ্গবন্ধুর জীবনীর উপর উপস্থিত বক্তৃতা এবং চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা।
৭. অফিস প্রাঙ্গণে স্থাপিত Digital Display Board এ জাতির পিতার বর্ণাঢ্য সংগ্রাম ও কর্মময় জীবনের বিভিন্ন ছবি ও ভিডিও ক্লিপ বছরব্যাপি প্রদর্শন।
৮. কেন্দ্রীয়ভাবে র্যালী আয়োজন।
৯. বঙ্গবন্ধুর জীবন ও আদর্শকে প্রতিফলিত করে নানা ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন (বছরব্যাপি)।
১০. ‘মুজিব বর্ষ-২০২০’ উপলক্ষ্যে স্যুভেনির/জার্নাল প্রকাশের ব্যবস্থা।
১১. ‘মুজিব বর্ষ-২০২০’ উপলক্ষ্যে পুঞ্জীভূত অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তিকরণের ব্যবস্থাকরণ।
১২. অনলাইনে বেতন ভাতা-পেনশনসহ অন্যান্য দাবী পরিশোধের বিষয় নিশ্চিত করণ।
১৩. রক্তদান কর্মসূচির আয়োজন।
১৪. ফিমার লাইব্রেরীতে “মুজিব কর্ণার” স্থাপন।
১৫. নিরীক্ষা কার্যক্রম অধিকতর শক্তিশালী ও কার্যকর করার লক্ষ্যে Principal Accounting Officer (PAO) গণের সমন্বয়ে একটি Seminar আয়োজন।
১৬. অডিট কার্যক্রম আরো বেগবান করা লক্ষ্যে বিভিন্ন পেশাগত বিষয় ভিত্তিক Workshop আয়োজন।

১৭. বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর অধীনস্থ সকল কার্যালয়ে Stakeholder দের অধিকতর সেবা প্রদানের জন্য One Stop সার্ভিস চালু।
১৮. কর্মকর্তা-কর্মচারীগণের কার্যক্রমে উৎসাহ বৃদ্ধি ও কাজের উৎকর্ষ অর্জনের লক্ষ্যে Best UAFO, Best DAFO, Best DCA, Best CAFO, Best AIR, Best Audit Team এবং Best FPO/FC নির্বাচন করে পুরস্কৃত করণ।
১৯. বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন।
২০. শীতার্থদের মাঝে শীত বস্ত্র বিতরণ, অনাথ শিশু ও Autistic শিশুদের নানাভাবে সহায়তা প্রদান।
২১. অডিট দিবস উদযাপন।
২২. সিএজি কার্যালয় কর্তৃক মুজিব বর্ষে সম্পাদিত সকল কার্যক্রম জনগণকে অবহিত করার লক্ষ্যে বছরব্যাপি কর্মসূচির সমাপনী দিনে জাতীয় দৈনিকসমূহে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ।